



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,

ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২২. ৪৬৪৬

তারিখঃ ০৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জিপিএস মেশিন ক্রয়ের নিমিত্তে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসংগে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা, স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী জিপিএস মেশিন সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত দর (টাকা)	
			একক দর	মোট দর
আরএফকিউ নং- ১৮/২০২২-২০২৩	জিপিএস মেশিনঃ Model: eTrex Touch 35 Brand: Garmin Origin: Taiwan (সমিতির প্রদর্শিত নমুনা মোতাবেক)	০২		
		সর্বমোট=		

কথায়ঃ

শর্তাবলীঃ

- ০১) দরপত্র সমূহ আগামী ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩) খামের উপর "জিপিএস সরবরাহের দরপত্র" শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪) ক্রয়তব্য মালামাল সমিতির প্রদর্শিত নমুনা ও স্পেসিফিকেশন অনুযায়ী হতে হবে। প্রয়োজনে সমিতির সদর দপ্তরে সংরক্ষিত নমুনা পরিদর্শন করা যেতে পারে।
- ০৫) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/স্ফুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর মালামাল সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮) কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

চলমান পাতা-০২


=পাতা-০২=

- ১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

স্বাঃ/-
(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর জোন, যশোর।
- ০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ঝিনাইদহ।
- ০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১১) ডিজিএম, মহেশপুর/শেলকুপা/কালীগঞ্জ/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরি, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম (ওএন্ডএম) কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/বারবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১৩) এজিএম (ইএন্ডসি/অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৫) মেসার্স-----।
- ১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৭) দাপ্তরিক নথি।


(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার